

গরু হস্তপুষ্টকরণে (মোটাতাজাকরণে) জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক স্টেরয়েড বা হরমোন জাতীয় ঔষধ ব্যবহার না করার আহ্বান সংক্রান্ত

গণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরেও ঈদুল-আযহা উপলক্ষে খামারীরা গরু হস্তপুষ্টকরণ (মোটাতাজাকরণ) করছেন। কিন্তু কতিপয় অসাধু ব্যবসায়ী গরু হস্তপুষ্টকরণ করার জন্য স্টেরয়েড টেবলেট (ডেক্সামিথাসন/ পেরিয়াকটিন) বা ইঞ্জেকশন বা হরমোন জাতীয় ঔষধ গো-খাদ্যের সাথে বা অন্যভাবে ব্যবহার করার জন্য খামারীদেরকে বিভিন্নভাবে উদ্বুদ্ধ করার প্রচার প্রচারণা চালাচ্ছেন যা "মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন-২০১০" অনুযায়ী সম্পূর্ণ নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ। উক্ত ঔষধ ব্যবহারে রক্ত পায়খানা, খাদ্যে অরুচী, স্ট্রোক ইত্যাদিসহ হঠাৎ পশুর মৃত্যু হতে পারে। এছাড়াও উক্ত স্টেরয়েড বা হরমোন দ্বারা মোটাতাজাকরণকৃত গরুর মাংস মানবদেহে ক্যান্সার, কিডনিজনিত রোগ সৃষ্টিসহ মানব স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর। সুতরাং এ ধরনের কাজে লিপ্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। অবগত করার পরেও যদি কোন খামারী/ঔষধ বিক্রেতা/গ্রাম্য চিকিৎসক - এর এ ধরনের কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায় তবে "মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন-২০১০" উক্ত ব্যক্তি অনুরূপ অপরাধের জন্য অনূর্দ্ধ এক বৎসরের সশ্রম কারাদন্ড বা অনূর্দ্ধ ৫০০০০/- টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয়দন্ডে দণ্ডিত হইবেন।

এ ব্যাপারে তথ্য প্রদানের মাধ্যমে সহযোগিতা এবং জনসচেতনতা গড়ে তোলার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু হস্তপুষ্টকরণের প্রয়োজনীয় পরামর্শের জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে যোগাযোগ করার জন্য বলা হচ্ছে। এখানে উল্লেখ্য বিজ্ঞান সম্মত উপায়ে হস্তপুষ্টকরণকৃত গবাদি প্রাণি মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নয়।

আসুন আমরা সকলে মিলে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর স্টেরয়েড বা হরমোন জাতীয় ঔষধ বর্জন করে বিজ্ঞান সম্মত উপায়ে গরু হস্তপুষ্টকরণের মাধ্যমে বিগত বৎসর সমূহের ন্যায় নিরাপদ প্রাণিজ আমিষ তথা গরু/মহিষ/ছাগল/ভেড়া উৎপাদনে ভূমিকা রাখি।

প্রচারে: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বিরল, দিনাজপুর।